B.A. 2nd Semester (Honours & Programme) Examination, 2021

বাংলা

Course Title: বাংলা সাহিত্যের সাধারণ পরিচয়

Course Code: 20100(H)/20112(P) Course ID: ACSHP-204-AECC-2-MIL

সময়ঃ ২ ঘন্টা পূর্ণমানঃ ৪০

*পরীক্ষার্থীদের সকল প্রশ্নের উত্তর দিতে হবে।*

*সকল প্রশ্নের মান সমান ২ x ২০ = ৪০*

1. নৈবেদ্য কাব্যগ্রন্থটির প্রকাশকাল হলো -

A. ১৯০০ খ্রিস্টাব্দ B. ১৯০১ খ্রিস্টাব্দ

C. ১৯০২ খ্রিস্টাব্দ D. ১৯০৩ খ্রিস্টাব্দ

2. নৈবেদ্য কাব্যগ্রন্থের কতগুলি কবিতার ইংরেজি অনুবাদ '*সং অফারিংস* –এ স্থান পেয়েছে?

A. ১৫ টি B. ২০ টি

C. ২৫ টি D. ৩০ টি

3. "আপন প্রাঙ্গণতলে দিবসশর্বরী"- এই পংক্তির 'শর্বরী' শব্দের অর্থ –

A. রাত B. দিন।

C. সকাল D. দুপুর

4. "মোহ মোর মুক্তিরূপে উঠিবে জ্বলিয়া" – এর পরের পংক্তিটি হল,

A. "প্রেম মোর ভক্তিরূপে রহিবে ফলিয়া" B. "স্নেহ মোর ভক্তিরূপে রহিবে ফলিয়া"

C. "প্রীতি মোর ভক্তিরূপে রহিবে ফলিয়া" D. "মোহ মোর ভক্তিরূপে রহিবে ফলিয়া"

5. "শক্তিদম্ভ স্বার্থলোভ মারীর মতন" – এটি 'নৈবেদ্য' কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?

A. ৭২ সংখ্যক B. ৩০ সংখ্যক

C. ৯২ সংখ্যক D. ১০০ সংখ্যক

6. পোস্ট্‌মাস্টার গল্পের পোস্টমাস্টারের কলকাতার বাড়িতে কে কে আছেন ?

A. ছোটোভাই মা দিদি এবং পিসি B. ছোটোভাই মা এবং দিদি

C. দাদা মা এবং দিদি D. বাবা মা দাদা এবং দিদি

7. "ফটিক ---- মতো সুর করিয়া করিয়া বলিতে লাগিল, "এক বাঁও মেলে না। দো বাঁও মেলে না—এ-এ না।" – শূন্যস্থানের উপযুক্ত শব্দটি হল,

A. হকারদের B. ফেরিওয়ালাদের

C. খালাসিদের D. কন্ডাকটরদের

8. 'সুভা' গল্পে সর্বশী ও পাঙ্গুলী হলো –

A. সুভার দু'জন সইয়ের নাম B. সুভার পোষা পাখি দু'টির নাম

C. সুভার পোষা দু'টি ছাগলের নাম D. সুভার পোষা দু'টি গাভীর নাম

9. বিশ্বভারতী থেকে রবীন্দ্রনাথের ছোটোগল্পগুলি মোট কতগুলি খণ্ডে প্রকাশিত হয়েছে ?

A. তিনটি B. পাঁচটি

C. চারটি D. ছয়টি

10. বাণীকণ্ঠের তিন মেয়ের নাম যথাক্রমে –

A. সুভাষিণী, সুকেশিনী, সুহাসিনী B. সুকেশিনী, সুহাসিনী, সুভাষিণী

C. সুহাসিনী, সুকেশিনী, সুভাষিণী D. সুহাসিনী, সুভাষিণী, সুকেশিনী

11. ধ্বনি বলতে আমরা বুঝি –

A. যে কোন ভাষার ক্ষুদ্রতম গঠনগত একক    B. লেখার চিহ্ন

C. এক বা একের অধিক বর্ণের সমষ্টি    D. শব্দের লিখিত রূপ

12. শ, স, ষ – কোন ধরনের ধ্বনি ?

A. ঘোষ ধ্বনি    B. অঘোষ ধ্বনি

C. স্বরবর্ণ    D. কণ্ঠধ্বনি

13. বাংলায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা কয়টি?

A. তিনটি    B. পাঁচটি

C. সাতটি    D. এগারটি

14. বাংলায় পার্শ্বিক ব্যাঞ্জন হলো -

A. ল    B. শ

C. ষ    D. য়

15. বাংলায় একমাত্র কম্পিত ধ্বনি হল –

A. ত    B. ড

C. ম    D. র

16. রূপিম বলতে আমরা বুঝি-

A. একক প্রয়াসে উচ্চারিত শব্দাংশ    B. শব্দের ক্ষুদ্রতম অর্থপূর্ণ একক

C. অর্থপূর্ণ হবার দায়বদ্ধতা নেই    D. একটাই মাত্র স্বরধ্বনির সাহায্যে গঠিত

17. রা, এর, গুলো ইত্যাদি রূপিমগুলির নিজস্ব অর্থ আছে, কিন্তু নিজেরা স্বাধীনভাবে ব্যবহৃত হতে পারেনা। তাই এদের

A. মুক্ত রূপিম বলে    B. সহ রূপিম বলে

C. সমধ্বনি রূপিম বলে    D. বদ্ধ রূপিম বলে

18. সে রূপে সরস্বতী ও গুণে লক্ষ্মী। - এই বাক্যে রূপে এবং গুণে শব্দদুটি কোন পদ ?

A. বিশেষ্য পদ    B. বিশেষণ পদ

C. ক্রিয়া পদ    D. সর্বনাম পদ

19. কি চমৎকার গান, সাধু সাধু ! - এই বাক্যে 'সাধু সাধু' শব্দদুটি কোন পদ ?

A. বিশেষ্য পদ    B. বিশেষণ পদ

C. ক্রিয়া পদ    D. অব্যয় পদ

20. যে পদ কোন ব্যক্তি, বস্তু, প্রাণি, সমষ্টি, স্থান, কাল, ভাব, কর্ম, গুণ ইত্যাদির নাম বোঝায়, তাকে –

A. বিশেষ্য পদ    B. বিশেষণ পদ

C. ক্রিয়া পদ    D. অব্যয় পদ